



স্মারক নং-৭জি/৬৭(ক-৩)/২০০৬/৪০৫৮/১৩

তারিখঃ ০৪/০৫/১৪২৬ বঙ্গাব্দ
১৩/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনাব সৈয়দ হাফিজুর রহমান, প্রভাষক(ভূগোল)-কে চাকুরিতে পূর্ববহালসহ বকেয়া বেতন-ভাতা প্রদান।

সূত্রঃ (১) স্মারক নং-পরি:কা/আ:শি:অ:কু:অ:/২০১৬-০০১/২০৮(২); তারিখ: ২১/১২/২০১৬খ্রি.
(২) স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮-১৯১; তারিখ: ০৯/০৭/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন শেখ মুজিবুর রহমান ডিগ্রি কলেজ এর জনাব সৈয়দ হাফিজুর রহমান, প্রভাষক(ভূগোল) এর বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ের ০৯/০৭/২০১৯খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮-১৯১ নং পত্রে মাউশিকে নির্দেশনা প্রদান করেন।

চাঁদপুর জেলার শেখ মুজিবুর রহমান ডিগ্রি কলেজ এর জনাব সৈয়দ হাফিজুর রহমান, প্রভাষক(ভূগোল), ইনডেক্স নম্ব-৪১২৩৪৭-কে আইএস/জঙ্গী/সম্মানী মামলা করার ভয় দেখিয়ে অধ্যক্ষ জোরপূর্বক চাকুরি থেকে অব্যাহতি পত্র লিখে নেন মর্মে মাউশিতে জনাব সৈয়দ হাফিজুর রহমান অভিযোগ দায়ের করেন। অভিযোগটি পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামতঃ

- (১) ০৮/০২/২০১৬খ্রি. তারিখের অনাকাঙ্ক্ষিত পরবর্তীতে জনাব সৈয়দ হাফিজুর রহমান, প্রভাষক(ভূগোল)-কে তাঁর পদ থেকে পদত্যাগপত্র জমা নেয়ার বিষয়টি যথাযথভাবে হয়নি। তাঁকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়ার দরকার ছিল। শুধু পুলিশের ভয় দেখিয়ে কাউকে তার পদ থেকে পদত্যাগ করার কোন রুল নেই। কেউ অন্যায় করলে বেসরকারি চাকুরিবিধি মোতাবেক ব্যবস্থা নেয়া যেত।
- (২) একটি কলেজের অধ্যক্ষ হিসেবে তাঁর আচরণ মার্জিত ও গ্রহণযোগ্য হওয়া বাঞ্ছনীয়। অধ্যক্ষ একটি কলেজের প্রাণ। তাঁকে সকলকে সমান দৃষ্টিতে দেখতে হবে এবং যে কোন বিষয় অত্যন্ত দক্ষ ও কৌশলে মোকাবেলা করতে। এ ক্ষেত্রে এর ঘাটতি রয়েছে।
- (৩) জনাব সৈয়দ হাফিজুর রহমান সম্পর্কে প্রত্যেকেই ভালো মন্তব্য করেছেন এভং তাঁকে কেউ জঙ্গি বা আইএস বলেননি।
- (৪) জনাব সৈয়দ হাফিজুর রহমান, প্রভাষক(ভূগোল) সম্পর্কে যে, আইএস/জঙ্গী এর অভিযোগ ছিল তার কোন সত্যতা পাওয়া যায়নি।

তদন্ত প্রতিবেদনে জনাব সৈয়দ হাফিজুর রহমান, প্রভাষক(ভূগোল) এর আইএস/জঙ্গী সংশ্লিষ্টার অভিযোগ প্রমানিত হয়নি এবং চাপ প্রয়োগ করে পদত্যাগ করার অভিযোগটি প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জনাব সৈয়দ হাফিজুর রহমান, প্রভাষক(ভূগোল) (ইনডেক্স নম্ব-৪১২৩৪৭)-কে চাকুরিতে পূর্ববহাল করে বকেয়া বেতন-ভাতা পরিশোধ করে মাউশিকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alcad 18.9.19
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

শেখ মুজিবুর রহমান ডিগ্রি কলেজ
কচুয়া, চাঁদপুর।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, শেখ মুজিবুর রহমান ডিগ্রি কলেজ, কচুয়া, চাঁদপুর।
- ২। অধ্যক্ষ, শেখ মুজিবুর রহমান ডিগ্রি কলেজ, কচুয়া, চাঁদপুর।
- ৩। সংরক্ষণ কপি।